

“পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম বাস্তবায়নে আপনিও একজন কর্মী।”

নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী বিদ্যুতায়ন বোর্ডে আইন উপদেষ্টা নিয়োগের লক্ষ্যে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

বর্তমানে আইন পেশায় নিয়োজিত অবসরপ্রাপ্ত জেলা জজ (অনূর্ব ৬০ বৎসর বয়স) অথবা দেওয়ানী আদালতে মোকদ্দমা পরিচালনার কার্যে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীগণ (কেবলমাত্র ঢাকা শহরে অবস্থানরত) এই পদের জন্য আবেদন করিতে পারিবেন। আলোচ্য পদে ২ (দুই) বৎসরের জন্য চুক্তি ভিত্তিতে নিয়োগ করা হইবে এবং বোর্ড কর্তৃক নির্ধারিত হারে পারিশ্রমিক প্রদান করা হইবে। প্রয়োজনে বর্তমানে বোর্ডে প্রচলিত পারিশ্রমিক (মাসিক রিটেনশন ফি ও অন্যান্য বিবিধ খরচের হার) বোর্ডের সচিব-এর দপ্তর হইতে সংগ্রহ করা যাইবে। আবেদন পত্রের সহিত ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত ২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত এনরোলমেন্টের সার্টিফিকেট সহ নিম্নবর্ণিত তথ্যাদি উল্লেখ পূর্বক আগামী ৩১-০৩-২০১০ ইং তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় আবেদন পত্র পৌঁছাইতে হইবেঃ-

| | |
|--|----|
| ১। নাম | ঃ- |
| ২। পিতা/ স্বামীর নাম | ঃ- |
| ৩। বর্তমান ঠিকানা | ঃ- |
| ৪। শিক্ষাগত যোগ্যতা | ঃ- |
| ৫। এডভোকেট হিসাবে এনরোলমেন্টের তারিখ | ঃ- |
| ৬। আইন পেশায় সময়কাল | |
| (ক) জজ কোর্ট | ঃ- |
| (খ) সুপ্রীম কোর্ট/ হাইকোর্ট ডিভিশন | ঃ- |
| ৭। আইন উপদেষ্টা/ প্যানেল আইনজীবী হিসাবে পূর্ব অভিজ্ঞতা | ঃ- |
| ৮। বর্তমানে অন্য কোন প্রতিষ্ঠানে আইন উপদেষ্টা/ প্যানেল আইনজীবী হিসাবে নিয়োজিত থাকিলে উহার বিবরণ | ঃ- |

বর্তমানে যাহারা অত্র বোর্ডে আইন উপদেষ্টা হিসাবে নিয়োজিত আছেন তাহাদেরকেও উপরে বর্ণিত তথ্যাদিসহ পুনরায় আবেদন করিতে হইবে।



পল্লী বিদ্যুতায়ন বোর্ড
RURAL ELECTRIFICATION BOARD
পবি/জন(০৮৮)২০০৯-২০১০

সচিব

পল্লী বিদ্যুতায়ন বোর্ড
সদর দপ্তর ভবন, নিকুল্ল-২
খিলক্ষেত, ঢাকা।
ফোন : ৮৯১৬৪০৩।

Typhoon
20/02/2010
(এটিএম কামরুল আহসান)
সচিব (অতিরিক্ত সারিফ)